

ঢাকা ওয়াসা

- সংযুক্তিঃ ০১। প্রস্তাবিত ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তিঃ ০২। প্রস্তাবিত ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্তিঃ ০৩। সংশ্লিষ্ট কাজের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর কপি।
সংযুক্তিঃ ০৪। বর্তমান বাজার দর।
সংযুক্তিঃ ০৫। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of Fountain Nozzle, Pipe and fittings under SKWP কাজটির অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট -এর IRP#1 ও IRP#2 স্থাপনাদয় যথাক্রমে ৯ একর ও ৬ একর অধিগ্রহণকৃত জায়গা জুড়ে বিস্তৃত। IRP#1-এর অফিস বিল্ডিং এর সামনে প্লান্ট এর সৌন্দর্য বৃদ্ধির জন্য ০৩ ফোয়ারা রয়েছে। মূল ফোয়ারাটির একটি নজলগুলোতে সমস্যা দেখা দেয়ায় একটি নজল পরবর্তন করা হলে ফোয়ারাটি চালু করা যাবে। এছাড়া প্লান্ট অভ্যন্তরে বিভিন্ন পানির পাইপ লাইনে কাজ করার জন্য PVC থ্রেড পাইপ ও ফিটিংস এবং ইলেকট্রিক লাইনের জন্য uPVC পাইপ ও ফিটিংস ক্রয় করা প্রয়োজন।

২। সেপ্রেক্ষিতে ফোয়ারা নজল, PVC থ্রেড পাইপ ও ফিটিংস এবং uPVC পাইপ ও ফিটিংস সংগ্রহের জন্য বর্তমান বাজারদরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০৩) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৩৯,৫৩৫/- (টাকা উনচল্লিশ হাজার পাঁচশত পয়ত্রিশ) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০১ ও অনুচ্ছেদ ০২ এর বর্ণনানুযায়ী ফোয়ারা নজল, PVC থ্রেড পাইপ ও ফিটিংস এবং uPVC পাইপ ও ফিটিংস সংগ্রহের জন্য আলোচ্য Procurement of Fountain Nozzle, Pipe and fittings under SKWP কাজের আওতায় সর্বমোট টাঃ ৩৯,৫৩৫/- (টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৪) অনুমোদনসহ কাজটি PPR-2025 এর বিধি ১০০ (১) মোতাবেক নগদ ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৫/১১/২০২৫
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

০৫/১১/২০২৫
জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

০৫/১১/২০২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

০৫/১১/২০২৫
মিজা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

০৫

৪। বহুস্তর অনুমোদন করা হইল,

০৫/১১/২০২৫

২৭/১২/২০২৫
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা